রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

---

**বৃহস্পতিবার, ডিসেম্বর ২, ১৯৯৩**

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়**

শাখা-১০

বিজ্ঞপ্তি

তারিখ, ১৭ই অগ্রহায়ণ, ১৪০০/১লা ডিসেম্বর, ১৯৯৩

এস, আর, ও, নং ২৩১-আইন/৯৩/শ্রম-১০/মজুরী-১/৯২—Minimum Wages Ordinance 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, "নৌযান" শিল্পে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

তফসিল

"ক" পরিচ্ছেদ

যাত্রীবাহী ও মালবাহী লঞ্চ, প্যালো ট্যাংকার ও আভ্যন্তরীণ বার্জ-এ নিয়োজিত শ্রমিকদের পদবিন্যাস ও নিম্নতম মজুরী:

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | | মূল মজুরী টাকা | প্রান্তিক ভাতা টাকা | মোট টাকা |
|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষ-১<br>১ম শ্রেণীর মাষ্টার/ড্রাইভার<br>(যোগ্যতার ১ম শ্রেণীর সনদপ্রাপ্ত) | .. | ২২৫০ | ৮২৫ | ৩০৭৫ |
| উচ্চতর দক্ষ-২:<br>(২য় শ্রেণীর মাষ্টার/ড্রাইভার<br>(যোগ্যতার ২য় শ্রেণীর সনদপ্রাপ্ত) | .. | ২০০০ | ৭৫০ | ২৭৫০ |



মূল্য : টাকা ২·০০

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| দক্ষ ঃ | ১৬০০ | ৬৩০ | ২২৩০ |
| ১। ৩য় শ্রেণীর মাষ্টার/ড্রাইভার (যোগ্যতার সনদপ্রাপ্ত) | | | |
| ২। ফিটার | | | |
| আধা-দক্ষ-১ঃ সুপ্ট/বার্জ সারেং | ১২৫০ | ৫২৫ | ১৭৭৫ |
| আধা-দক্ষ-২ঃ | ১০২৫ | ৪৫৭ | ১৪৮২ |
| ১। অয়েলম্যান/গ্রীজার | | | |
| ২। কেরানী (মেট্রিক পাশ) | | | |
| ৩। হিসাব রক্ষক | | | |
| ৪। পরিদর্শক | | | |
| ৫। সুপারভাইজার | | | |
| ৬। সুকানী | | | |
| অদক্ষঃ | ৯০০ | ৪২০ | ১৩২০ |
| ১। লস্কর | | | |
| ২। কেরানী (নন-মেট্রিক) | | | |
| ৩। ভাণ্ডারী/কুক | | | |
| ৪। সুইপার/ঝাড়ুদার/চৌপাশ | | | |
| ৫। পিয়ন | | | |
| ৬। কেবিন বয় | | | |

কোষ্টার/ট্যাংকার/ফ্লাট/বে-ক্রসিং বার্জে নিয়োজিত শ্রমিকদের পদবিন্যাস ও নিম্নতম মজুরী :-

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা। | | | অন্যান্য স্থানের জন্য | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট | মূল মজুরী | প্রান্তিক ভাতা | মোট |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষ-১ঃ ১ম শ্রেণীর মাষ্টার/ড্রাইভার (যোগ্যতার ১ম শ্রেণীর সনদপ্রাপ্ত) | ৩২৫০ | ১৬১৩ | ৪৮৬৩ | ৩২৫০ | ১৪৫০ | ৪৭০০ |
| উচ্চতর দক্ষ-২ঃ ২য় শ্রেণীর মাষ্টার/ড্রাইভার (যোগ্যতার ২য় শ্রেণীর সনদপ্রাপ্ত) | ৩০০০ | ১৫০০ | ৪৫০০ | ৩০০০ | ১৩৫০ | ৪৩৫০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ : | ২০০০ | ১১৫০ | ৩১৫০ | ২০০০ | ১০৫০ | ৩০৫০ |
| ১। ৩য় শ্রেণীর মাষ্টার/ড্রাইভার (যোগ্যতার সনদপ্রাপ্ত) | | | | | | |
| ২। ফিটার | | | | | | |
| আধা-দক্ষ-১ : | ১৫০০ | ৯০০ | ২৪০০ | ১৫০০ | ৮২৫ | ২৩২৫ |
| ফ্লাট/বার্জ সারেং | | | | | | |
| আধা-দক্ষ-২ : | ১২০০ | ৮১০ | ২০১০ | ১২০০ | ৭৫০ | ১৯৫০ |
| ১। ওয়েলম্যান/গ্রীজার | | | | | | |
| ২। কেরানী (মেট্রিক পাশ) | | | | | | |
| ৩। হিসাব রক্ষক | | | | | | |
| ৪। পরিদর্শক | | | | | | |
| ৫। সুপারভাইজার | | | | | | |
| ৬। সুকানী | | | | | | |
| আধা-দক্ষ-৩ : | | | | | | |
| ১। ডেক টেণ্ডল/ইঞ্জিন টেণ্ডল | ১১৭০ | ৭৯৩ | ১৯৬৩ | ১১৭০ | ৭৩৫ | ১৯০৫ |
| অদক্ষ : | ১০০০ | ৭০০ | ১৭০০ | ১০০০ | ৬৫০ | ১৬৫০ |
| ১। লস্কর | | | | | | |
| ২। কেরানী (নন-মেট্রিক) | | | | | | |
| ৩। ভাণ্ডারী/কুক | | | | | | |
| ৪। সুইপার/ঝাড়ুদার/টোপাস | | | | | | |
| ৫। পিয়ন | | | | | | |
| ৬। কেবিন বয় | | | | | | |

বিশেষ দ্রষ্টব্য : প্রান্তিক ভাতা বলিতে বুঝায় :—

যাত্রীবাহী ও মালবাহী নৌ, ন্যাঙ্কো ট্যাংকার ও অভ্যন্তরীন বার্জে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রযোজ্য :

| | |
|---|---|
| ১। বাড়ী ভাড়া ভাতা | মূল মজুরীর ৩০% |
| ২। চিকিৎসা ভাতা | ১৫০ টাকা মাসিক |

কোটার/ট্যাংকার/ফ্ল্যাট/বে-ক্রসিং বার্জে নিয়োজিত শ্রমিকদের জন্য প্রযোজ্য :

| মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক) | |
|---|---|---|
| | ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী। | অন্যান্য স্থানের জন্য |
| টাকা ১২০০ পর্যন্ত | মূল মজুরীর ৫৫% হারে | মূল মজুরীর ৫০% হারে |
| টাকা ১২০১ হইতে ২৫০০ | মূল মজুরীর ৫০% হারে নূন্যতম টাকা ৬৬০ | মূল মজুরীর ৪৫% হারে নূন্যতম টাকা ৬০০ |
| টাকা ২৫০১ হইতে ৬০০০ | মূল মজুরীর ৪৫% হারে নূন্যতম টাকা ১২৫০ | মূল মজুরীর ৪০% হারে নূন্যতম টাকা ১১২৫ |

চিকিৎসা ভাতা : মাসিক টাকা ১৫০ (সর্বত্র)।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোল্লা সোনার সারওয়ার
উপ-সচিব (শ্রম)।

বিঃ দ্রঃ এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ ১৯৯৩ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "নৌযান" শিল্প প্রতিষ্ঠান

## খসড়া সুপারিশ, ১৯৯৩

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৫ই মে, ১৯৯২ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১০৩-আইন/৯২ শ্রম(অ)-১০/মজুরী-১/৯২ দ্বারা "নৌযান" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড বেশ কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত "নৌযান" শিল্প প্রতিষ্ঠানে প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু "নৌযান" শিল্প প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সহ আরও কতিপয় বিষয় পর্যালোচনাক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বোর্ডের বিভিন্ন সভায় দীর্ঘ ও বিস্তারিত আলোচনান্তে বিবেচনা করিয়া বোর্ড খসড়া সুপারিশ আংশিক সংশোধনক্রমে সুপারিশ প্রণয়ন করেন। উল্লেখ্য মালিক পক্ষের সদস্যদ্বয় যাত্রীবাহী ও মালবাহী লঞ্চ, শ্যালো ট্যাংকার ও অভ্যন্তরীন বার্জ-এ নিয়োজিত কেবলমাত্র অদক্ষ শ্রমিকদের মূল মজুরী ১০০ টাকায় ভিন্নমত পোষণ করিয়া অন্যান্য সকল বিষয়ে ঐক্যমতে পৌছিয়া সুপারিশে স্বাক্ষর দান করেন। বোর্ডের অপর তিনজন সদস্য ১০০ টাকায় একমতে পৌছিয়া সংখ্যাগরিষ্ঠ মতে এবং অন্যান্য বিষয়ে সকল সদস্য সর্ব-সম্মতিক্রমে ঐক্যমতে পৌছিয়া সুপারিশে স্বাক্ষর দান করতঃ ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশের প্রস্তাব পেশ করিতেছেন :

১। "নৌযান" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে যাত্রীবাহী ও মালবাহী লঞ্চ, শ্যালো ট্যাংকার ও অভ্যন্তরীন বার্জ-এ নিয়োজিত শ্রমিকদের উচ্চতর দক্ষ-১, উচ্চতর দক্ষ-২, দক্ষ, আধা-দক্ষ-১, আধা-দক্ষ-২ ও অদক্ষ এই ৬(ছয়) শ্রেণীতে এবং কোষ্টার/ট্যাংকার/ফ্লাট/বে-ক্রসিং বার্জ-এ নিয়োজিত শ্রমিকদের উচ্চতর দক্ষ-১, উচ্চতর দক্ষ-২, দক্ষ, আধা-দক্ষ-১, আধা-দক্ষ-২, আধা-দক্ষ-৩ ও অদক্ষ এই ৭(সাত) শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিক ও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(১) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ শ্রমের মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদিগকে ফুরনভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে। তবে পূর্বের প্রদত্ত মহার্ঘ ভাতা বলবৎ থাকিবে না।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

এ, এস, এম, হেদায়েত হোসেন
চেয়ারম্যান।

অধ্যাপক মমতাজ উদ্দিন আহম্মদ
নিরপেক্ষ সদস্য।

মোমেন উদ্দিন
মালিক পক্ষের সদস্য।

কে, এ, মাহবুবুর রহমান
মালিক পক্ষের সদস্য।

নজরুল ইসলাম খান
শ্রমিক পক্ষের সদস্য।

প্রতাপ উদ্দিন আহমদ
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।